



তথ্যবিবরণী

নম্বর-১২৬

রাসিকের দাপ্তরিক অবহিতকরণ সভা অনুষ্ঠিত

রাজশাহী, ২৫ অগ্রহায়ণ (১০ ডিসেম্বর):

আজ মঙ্গলবার (১০ ডিসেম্বর) সকাল ১০টায় নগরভবনের সিটি হল সভাকক্ষে রাজশাহী সিটি কর্পোরেশনের (রাসিক) সদ্য যোগদানকৃত প্রশাসক ও বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ এর সাথে রাসিক কর্মকর্তাদের দাপ্তরিক অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়।

রাসিক প্রশাসক খোন্দকার আজিম আহমেদ সভায় রাসিকের সকল বিভাগ ও শাখা প্রধানদের সাথে পরিচিত হন এবং কুশল বিনিময় করেন। এসময় তিনি সকল কর্মকর্তা-কর্মচারীকে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের নির্দেশ প্রদান করেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রাসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা ড. এ বি এম শরীফ উদ্দিন। তিনি সিটি কর্পোরেশনের সকল বিভাগের দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সম্পর্কে রাসিক প্রশাসকের কাছে বিস্তারিত তথ্য তুলে ধরেন। এসময় রাসিকের চলমান বিভিন্ন উন্নয়নমূলক কাজের তথ্য চিত্র উপস্থাপন করেন তত্ত্বাবধায়ক প্রকৌশলী আহমেদ আল মঈন পরাগ।

রাসিক সচিব মোঃ মোবারক হোসেনসহ সভায় রাসিকের সকল বিভাগীয় প্রধান, শাখা প্রধান ও সকল ওয়ার্ডের সচিবগণ উপস্থিত ছিলেন।

.....
তৌহিদ/আতিক/আরিফ/রুহুল/কনক/হালিম/২০২৪/১৫.৪০ ঘ.